

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২২, ২০১৫

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৯ মাঘ, ১৪২১/২২ জানুয়ারি, ২০১৫

নিম্নলিখিত বিলটি ০৯ মাঘ, ১৪২১/২২ জানুয়ারি, ২০১৫ তারিখে জাতীয় সংসদে উপস্থিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ০২/২০১৫

## বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭ এর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭ (১৯৮৭ সনের ২নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বাংলা ভাষা প্রচলন (সংশোধন) আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ১৯৮৭ সনের ২নং আইনে নৃতন ধারা ২ক এর সন্নিবেশ।—বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭ এর ধারা ২ এর পর নিম্নরূপ নৃতন ধারা ২ক সন্নিবেশিত হইবে, যথা :—

“২ক। আইনের প্রাধান্য।—অন্য কোন আইনে বা কোন আদালতের রায়, ডিক্টী বা আদেশে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।”।

( ৪৯৯ )  
মূল্য : টাকা ৪.০০

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩ অনুচ্ছেদের বিধানাবলী পূর্ণরূপে কার্যকর করা এবং বাংলা ভাষার ব্যাপক ব্যবহার ও প্রচলনের উদ্দেশ্যে ১৯৮৭ সনের মার্চ মাসে বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭ মহান সংসদে পাস করা হলেও দেশের কোর্ট কাচারীতে বিভিন্ন মামলার ক্ষেত্রে বাংলা ভাষা ব্যবহার করা হচ্ছে না। ফলে দেশের পক্ষী এলাকা তথা গ্রামীণ এলাকার অশিক্ষিত জনগণ মামলার রায় বুঝতে না পেরে নানাভাবে প্রতারিত হচ্ছে। বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭ (১৯৮৭ সনের ২নৎ আইন) এ প্রস্তাবিত সংশোধনী আনয়ন করা হলে বাধ্যতামূলকভাবে দেশের সকল আদালতের কার্যাবলী বাংলায় সম্পন্ন করতে হবে। এর ফলে মামলাকারী জনগণ অন্যায়সেই আদালতের রায়ের মর্মার্থ উপলব্ধি করতে পারবে। একই সাথে মহান ভাষা আন্দোলনের শহীদদের ভাষার জন্য আন্দোলন স্বার্থক হবে। উপরোক্ত কারণ ও উদ্দেশ্য সাধনকল্পে প্রস্তাবিত বাংলা ভাষা প্রচলন (সংশোধন) বিল, ২০১৪ মহান সংসদে উত্থাপন করা হলো।

ডাঃ মোঃ রফিউম আলী ফরাজী

ভারপ্রাপ্ত সদস্য

১২৯ পিরোজপুর-৩।

মোঃ আশরাফুল মকবুল

সিনিয়র সচিব।

---

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)